দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 DEC 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৭

## ১৯৯৬ সালের আলিম পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষণের ফলাফল আদৌ পাইব কি?

১৯৯৬ সালে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আমি আলিম পরীক্ষায় অংশগ্রহণ করি, আমার রোল নম্বর ৪১৯৫৫, রেজিঃ নম্বর ১৮০২৬। ফলাফল প্রকাশের পর দেখি আমি অকৃতকার্য হইয়াছি। কারণ কোরআন বিষয়ে আমার প্রাপ্ত নম্বর মাত্র ২৬। কিন্তু আমি যে রকম পরীক্ষা দিয়াছিলাম তাহাতে এত কম নম্বর পাওয়ার কথা নয়। সে কারণে আমি 'কোরআন' ও 'হাদিস' (দুইটি একই গ্রুপ) বিষয়ের উত্তরপত্র পুনর্নিরীক্ষণের জন্য আবেদন জানাই। ২৮-১২-৯৬ তারিখে বোর্ড কর্তৃপক্ষ আমার আবেদনপত্র গ্রহণ করে। অথচ এখন পর্যন্ত পুনর্নিরীক্ষণের ফলাফল ঘোষণা করা হইল না। পুনর্নিরীক্ষণের ফলাফলের আশায় গত দুই বছর ৯৭-৯৮ আলিম পরীক্ষা দেওয়া হয় নাই। কেন ফলাফল ঘোষণা করা হইতেছে না? তাহার উত্তর জানিতে চাহিয়া আমার মাদ্রাসার অধ্যক্ষ ২১-১২-৯৭ তারিখে পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে চিঠি দেন। আমার পিতাও অধ্যক্ষের পরামর্শ অনুযায়ী ২৩-১২-৯৭ এবং ১০-১-৯৮ তারিখে মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান এবং পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে চিঠি পাঠান ফলাফল প্রকাশের অনুরোধ জানাইয়। কিন্তু পুনর্নিরীক্ষণের ফলাফল আদৌ ঘোষণা করা হইবে কিনা সে বিষয়ে কিছু জানান হয় নাই। এ দিকে আমার জীবন হইতে অমূল্য দুইটি বছর ঝড়িয়া গেল। এমতাবস্থায় অতি সত্বর কোরআন ও হাদিস বিষয়ের পুনর্নিরীক্ষণের ফলাফল প্রকাশের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ মহিউদ্দীন,
ছোবাহানিয়া আলিয়া মাদ্রাসা,
পাথরঘাটা, চট্টগ্রাম।